

## **সেবার তালিকা:**

১. নিয়ন্ত্রিত ফসলের মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজ প্রত্যয়ন প্রদান করা।
২. উৎপাদিত বীজ ফসলের মাঠমান ও বীজমান নিশ্চিত করা।
৩. পরীক্ষিত মানসম্পন্ন বীজের ট্যাগ সংগ্রহ, মজুদ ও সরবরাহ নিশ্চিত করা।
৪. বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র ও বীজ ডিলারের দোকান থেকে প্রাপ্ত বীজের নমুনা সংশ্লিষ্ট বীজ পরীক্ষাগারে প্রেরণ করা।
৫. বীজ আইন, বিধি বা এ সংক্রান্ত কোন কার্যক্রম যথাযথ প্রয়োগ এবং লঙ্ঘনকারীর বিরুদ্ধে বীজ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।
৬. বীজ ফসলের মাঠ, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র ও বীজ ডিলারের দোকান পরিদর্শন করা।
৭. ভেজাল বীজ বাজারজাতকরণ প্রতিরোধ ও প্রতিকারে মার্কেট মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনা করা।
৮. বীজ উৎপাদকগণ ও বীজ ডিলারগণের প্রশিক্ষণের ব্যবস্থা করা।
৯. কৃষক পর্যায়ে মানসম্পন্ন বীজের ব্যবহার বৃদ্ধির জন্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান করা।
১০. বীজ ব্যবসায়ী ও বীজ ব্যবসার উদ্যোক্তাদের বীজ প্রত্যয়ন কার্যক্রমের জন্য প্রযুক্তি সহায়তা প্রদান করা।
১১. বীজ ডিলার নিবন্ধন আবেদন গ্রহণ করা।
১২. বীজ ডিলার নিবন্ধন নবায়ন আবেদন গ্রহণ করা।
১৩. সরকার কর্তৃক নির্দেশিত জনগুরুত্বপূর্ণ কর্ম সম্পাদন করা।
১৪. জাতীয় বীজ বোর্ডের ব্যবহারের জন্য বীজের উৎপাদন প্রক্রিয়াজাতকরণ এবং মাননিয়ন্ত্রণ সংক্রান্ত তথ্য এবং উপাত্ত সংগ্রহ করা।